## কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়ে শিক্ষক নিয়োগের জন্য শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা এবং অন্যান্য শর্তাবলীঃ

**(ক) সাধারণ নিয়মাবলীঃ**

১. আগ্রহী প্রার্থীদের এ বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.kuriau.edu.bd) থেকে নির্ধারিত আবেদন ফরম ডাউনলোড করে তা যথাযথভাবে পূরণকরত: প্রভাষক ও অধ্যাপক পদের জন্য মূল সেটসহ ০৮ (আট) সেট আবেদনপত্র আগামী ২১-০৭-২০২৬ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে (সাপ্তাহিক ও সরকারি ছুটির দিন ব্যতীত) নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে ডাকযোগে অথবা সরাসরি জমা দিতে হবে। বিলম্বে প্রাপ্ত দরখাস্ত সরাসরি বাতিল বলে গণ্য হবে।

২. আগ্রহী প্রার্থীদের আবেদনের সাথে ১ম শ্রেণির কর্মকর্তা কর্তৃক সত্যায়িত শিক্ষাগত যোগ্যতার মূল সনদ ও একাডেমিক ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্র, প্রযোজ্য ক্ষেত্রে গবেষণা প্রবন্ধ/প্রকাশনার কপি ও অভিজ্ঞতার সনদ, সদ্য তোলা পাসপোর্ট আকারের ০৩ (তিন) কপি রঙিন ছবি, জাতীয় পরিচয়পত্রের কপি, নাগরিকত্ব সনদ ইত্যাদি কাগজপত্র এবং 'রেজিস্ট্রার, কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়'-এর অনুকূলে যমুনা ব্যাংক পিএলসি, কুড়িগ্রাম শাখা, কুড়িগ্রাম হতে উত্তোলনযোগ্য (অফেরতযোগ্য) ৯ম গ্রেড থেকে তদূর্ধ্ব পদের জন্য ২০০.০০ (দুইশত) টাকা মূল্যমানের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সংযুক্ত করতে হবে।

৩. প্রত্যেক প্রার্থীকে খামের উপর পদ ও বিভাগের নাম এবং খামের বাম পাশে নিজ নাম ও ঠিকানা স্পষ্ট অক্ষরে লিখতে হবে।

৪. সরকারি/স্বায়ত্তশাসিত গবেষণা প্রতিষ্ঠান হইতে আগত প্রার্থীদের ক্ষেত্রে সক্রিয় শিক্ষকতার চাকুরিকাল হিসাবে ঐ প্রতিষ্ঠানের চাকুরির অর্ধেক সময়কাল বিবেচনা করা যেতে পারে। উক্ত হিসাব অনুযায়ী সরাসরি নিয়োগের ক্ষেত্রে সহকারী অধ্যাপক পদে সর্বোচ্চ ০৩ (তিন) বৎসর, সহযোগী অধ্যাপক পদে সর্বোচ্চ ০৭ (সাত) বৎসর এবং অধ্যাপক পদে সর্বোচ্চ ১২ (বার) বৎসর সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা গণনা করা যেতে পারে।

৫. বিদেশী বিশ্ববিদ্যালয়ের ডিগ্রিধারীদের ক্ষেত্রে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক সমতাকরণ সনদ থাকতে হবে।

৬. কোটা সংক্রান্ত সরকারের সর্বশেষ সার্কুলার অনুযায়ী প্রযোজ্যমতে কোটা সংরক্ষণপূর্বক নিয়োগ প্রদান করা হবে। সেক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে প্রাপ্ত সনদপত্রের অনুলিপি সংযুক্ত করতে হবে।

৭. চাকরিরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৮. অসম্পূর্ণ/ভুয়া তথ্য সম্বলিত/ত্রুটিপূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হবে। প্রার্থী কর্তৃক দাখিলকৃত/প্রদত্ত কোনো তথ্য বা কাগজপত্র নিয়োগ কার্যক্রম চলাকালের যেকোন পর্যায়ে বা নিয়োগ প্রাপ্তির পরেও অসত্য/ভুয়া প্রমাণিত হলে তার দরখাস্ত/নির্বাচন/নিয়োগ বাতিল করা হবে । বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ নিয়োগ কার্যক্রমের আংশিক/সম্পূর্ণ পরিবর্তন/সংশোধন, পদ সংখ্যা হ্রাস/বৃদ্ধি ও বাতিলের অধিকার/ক্ষমতা সংরক্ষণ করে।

৯. প্রাপ্ত সকল আবেদনপত্র প্রাথমিক বাছাইয়ের পর কেবলমাত্র উপযুক্ত প্রার্থীদের পরীক্ষার তারিখ ও সময় E-mail/ SMS এর মাধ্যমে অবহিত করা হবে। পরীক্ষায় উপস্থিত হবার জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না। মৌখিক পরীক্ষার সময় সকল সনদের মূল কপি অবশ্যই দেখাতে হবে।

১০. এ বিশ্ববিদ্যালয়ে কর্মরত এবং অধিকতর অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীর ক্ষেত্রে অভিজ্ঞতা, বয়সের যেকোন একটি শিথিলযোগ্য।

১১. বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কোন কারন দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদনপত্র গ্রহণ/বাতিল করার অধিকার/ক্ষমতা সংরক্ষণ করে এবং নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের কারনে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করতে কিংবা ইন্টারভিউ কার্ড ইস্যু করতে বাধ্য থাকবে না।

১২. নিয়োগ সংক্রান্ত বিষয়ে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

**(খ) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা**

| পদের নাম: প্রভাষক |
|---|
| ১. সংশ্লিষ্ট অনুষদ/বিভাগ/বিষয়ে ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) এবং সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি থাকিতে হইবে।<br>২. প্রার্থীদের এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় (চতুর্থ বিষয়সহ) জিপিএ ৫.০০ এর মধ্যে নূন্যতম ৪.০০ থাকতে হবে। সনাতন পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে উভয় পরীক্ষায় প্রথম বিভাগ থাকতে হবে।<br>৩. সংশ্লিষ্ট অনুষদ/বিভাগ/বিষয়ে প্রার্থীদের ক্ষেত্রে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে ন্যূনতম সিজিপিএ ৩.৬০ থাকিতে হইবে। সনাতন পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় প্রথম শ্রেণি থাকতে হবে।<br>৪. ল্যাঙ্গুয়েজ অ্যান্ড কমিউনিকেশন স্ট্যাডিজ/সায়েন্স (বাংলা ও ইংরেজী) বিভাগের ক্ষেত্রে স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে ন্যূনতম সিজিপিএ ৩.৫০ থাকিতে হইবে।<br>৫. সংশ্লিষ্ট অনুষদ/বিভাগ/বিষয়ে ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) পরীক্ষায় মেধাভিত্তিক শীর্ষ ৮% বা অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের প্রভাষক পদে নিয়োগের ক্ষেত্রে অগ্রাধিকার দেওয়া যাইতে পারে।<br>৬. বয়স: সর্বোচ্চ ৩২ বছর।<br><br><u>বিশেষ দ্রষ্টব্যঃ</u><br>১. এমফিল/সমমান বা পিএইচডি ডিগ্রি অতিরিক্ত যোগ্যতা বলিয়া বিবেচিত হইতে পারে। তবে এমফিল/সমমান বা পিএইচডি ডিগ্রির জন্য উল্লিখিত যোগ্যতার কোন শর্ত কোনোভাবেই শিথিলযোগ্য হইবে না।<br>২. বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট কোনো বিভাগে প্রভাষক নিয়োগের জন্য প্রয়োজনে লিখিত পরীক্ষার মাধ্যমে একটি শর্টলিস্ট প্রস্তুত করিয়া সাক্ষাৎকার গ্রহণের মাধ্যমে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করিতে পারিবেন। |
| **পদের নাম: অধ্যাপক** |
| ১. সংশ্লিষ্ট অনুষদ/বিভাগ/বিষয়ে ০৪(চার) বৎসর মেয়াদি স্নাতক এবং সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি থাকিতে হইবে।<br>২. প্রার্থীদের এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় (চতুর্থ বিষয়সহ) জিপিএ ৫.০০ এর মধ্যে নূন্যতম ৪.০০ থাকতে হবে। সনাতন পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে উভয় পরীক্ষায় প্রথম বিভাগ থাকতে হবে।<br>৩. সংশ্লিষ্ট অনুষদ/বিভাগ/বিষয়ে প্রার্থীদের ক্ষেত্রে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে ন্যূনতম সিজিপিএ ৩.৬০ থাকিতে হইবে। সনাতন পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় প্রথম শ্রেণি থাকতে হবে।<br>৪. ল্যাঙ্গুয়েজ অ্যান্ড কমিউনিকেশন স্ট্যাডিজ/সায়েন্স (বাংলা ও ইংরেজী) বিভাগের ক্ষেত্রে স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে ন্যূনতম সিজিপিএ ৩.৫০ থাকিতে হইবে।<br>৫. স্নাতকোত্তর (থিসিসবিহীন) ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহযোগী অধ্যাপক হিসাবে ন্যূনতম ১০ (দশ) বৎসরসহ মোট ন্যূনতম ২২ (বাইশ) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>৬. স্নাতকোত্তর (থিসিসসহ)/এমফিল ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহযোগী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৭ (সাত) বৎসরসহ মোট ন্যূনতম ১৭ (সতেরো) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>৭. পিএইচডি ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে সহযোগী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৫ (পাঁচ) বৎসরসহ মোট ন্যূনতম ১২ (বারো) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>৮. প্রার্থীদের স্বীকৃত জার্নালে (পিয়ার রিভিউড) সর্বমোট ন্যূনতম ১২ (বারো) টি প্রকাশনা থাকিতে হইবে; তন্মধ্যে সহযোগী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৬ (ছয়) টি প্রকাশনা থাকিতে হইবে; যেগুলির মধ্যে First Author/Corresponding Author হিসাবে ন্যূনতম ০৩ (তিন) টি প্রকাশনা থাকিতে হইবে। তন্মধ্যে ন্যূনতম ০২(দুই)টি প্রকাশনা ইমপ্যাক্ট ফ্যাক্টর/ Scopus Indexed জার্নালে প্রকাশিত হইতে হইবে।<br>৯. বয়স: সর্বোচ্চ ৪৫ বছর। |